



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থাপন/আইনসেল-৩১/৯৪৮

তারিখঃ ১৭/০৮/২০১৬খ্রিঃ

নোটিশ

বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ২০৪৩/২০১৩ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ (ক) মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ২০৪৩/২০১৩ এর ০১/০৬/২০১৬ তারিখের রায়।
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭২.৩২.০৪৫.১২.১৬০; তারিখঃ ০৯/০৮/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ২০৪৩/২০১৩ এর ০১/০৬/২০১৬ তারিখে প্রদত্ত রায়ের ভিত্তিতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক অনুমোদিত বিদ্যমান গভার্ণিং বডিতে মাননীয় স্থানীয় সংসদ সদস্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৫(১) ও ৫(২) ধারা মোতাবেক সভাপতি মনোনীত হয়েছিলেন তাদের সভাপতি হিসাবে মনোনয়ন এতদ্বারা বাতিল করা হলো।

এমতাবস্থায়, সভাপতির উক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক কর্তনকৃত অংশ বাদে প্রবিধান-৫(৩) মোতাবেক সভাপতি মনোনয়নের জন্য ০৩(তিন)জন ব্যক্তির নামের তালিকা আগামী ৩১/০৮/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্রসহ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্যা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২১৬

প্রাপকঃ সুপার/অধ্যক্ষ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন আলিম স্তরের সকল মাদরাসা।

নং-বামাশিবো/সংস্থাপন/আইনসেল-৩১/৯৪৮(১১)

তারিখঃ ১৭/০৮/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৫. জেলা প্রশাসক, সকল।
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৭. জেলা শিক্ষা অফিসার, সকল।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
৯. সভাপতি/সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, আলিম স্তরের সকল মাদরাসা।
১০. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪